দামুড়হুদায় সোনালী ব্যাংক পিএলসি শাখার “এটিএম বুথ” এর উদ্বোধন

দামুড়হুদায় সোনালী ব্যাংক পিএলসি শাখার “এটিএম বুথ” এর উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার বেলা ৩টার সময় সোনালী ব্যাংকের নীচে এটিএম বুথের উদ্বোধন করা হয়।

চুয়াডাঙ্গা-মেহেরপুর অন্চলে এই প্রথম দামুড়হুদা শাখার এটিএম বুথে সিআরএম মেশিনের মাধ্যমে টাকা জমা এবং উত্তলোন করা যাবে। যাতে ব্যাংকীং সেবার মান আরও উন্নত হয় এবং সাধারণ গ্রাহকের কথা চিন্তা করেই নতুন এটিএম বুথে এমন সংস্কার করা হয়। এর আগে এসব অঞ্চলে শুধু মাত্র এটিএম বুথে টাকা উত্তোলন করা যেতো, কিন্তু এখন থেকে টাকা উত্তোলনের সাথে টাকা জমাও করা যাবে।

দামুড়হুদা সোনালী ব্যাংক পিএলসি শাখার শাখা ব্যবস্থাপক আব্দুল লতিফ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার তিথি মিত্র। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সোনালী ব্যাংক প্রিন্সিপাল অফিসের ডেপুটি জেনারেল ম্যানেজার (ইনচার্জ) হারুনূর রশিদ, সিনিয়র অফিসার মন্জুরুল হাসান।

এসময় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ফাহমিদা রহমান, দামুড়হুদা সোনালী ব্যাংক শাখার প্রিন্সিপাল অফিসার মাহিদুল ইসলাম, সিনিয়র অফিসার আরিফ বিল্লা, সিনিয়র অফিসার (ক্যাশ) সোহেল রানা, অফিসার অমিত কুমার, সাইফুল ইসলাম, অফিসার (ক্যাশ) এসএম মহাসিন কবির, রিগান হোসেন সহ ব্যাংকের সকল স্টাফ, আমন্ত্রীত অতিথি ও সুধিবৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় সোনালী ব্যাংকে টাকা জমা দিতে এসে গ্রাহকের টাকা চুরি

আলমডাঙ্গার সোনালী ব্যাংকের ভেতরে আবারও এক গ্রাহকের টাকা চুরির ঘটনা ঘটেছে। আজ বুধবার ওই গ্রাহক ব্যাংকে টাকা জমা দেবার জন্য কাউন্টারের সামনে রাখলে চোরেরা কৌশলে ৬১ হাজার টাকা চুরি করে পালিয়ে যায়। এ ঘটনায় থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, ব্যাংকের সিসি ক্যামেরার ফুটেজ দেখে চোর সনাক্ত করে তাদের গ্রেফতারের চেষ্টা চলছে।
ভুক্তভোগী পৌরশহরের নিত্যরঞ্জন সাহার ছেলে গোবিন্দপুর গ্রামের মলয়।

স্থানীয়রা জানান, আজ বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে মলয় ও অগ্রণী ব্যাংকের এক পিয়ন আলমডাঙ্গা সাব-রেজিস্ট্রি অফিসের পে-অর্ডারের টাকা জমা দিতে সোনালি ব্যাংকে যান। এ সময় তিনি দুজনের পে-অর্ডারের মোট ৬১ হাজার টাকা ব্যাংকের ৪ নম্বর কাউন্টারের সামনে রেখে অন্য কাজে ব্যস্ত হয়ে যান।

এসময় চোরচক্রের এক সদস্য কৌশলে কাউন্টার থেকে ওই ৬১ হাজার টাকা চুরি করে নেয়। পরে ভুক্তভোগী মলয় ফিরে দেখেন কাউন্টারে তাঁর টাকা নাই। পরে সিসিটিভি ক্যামেরা চেক করলে চুরির ঘটনাটি সামনে আসলেও চোরকে কেউই সনাক্ত করতে পারেনি।

এদিকে গত ৯ জুন সোনালী ব্যাংক থেকে এক মহিলার উত্তোলন করা টাকা চোর চক্র একই কায়দায় চুরি করে নিয়ে যায়।

সোনালী ব্যাংকের ব্যবস্থাপক এইচ এম আব্দুল আওয়াল বলেন,ক্যাশে টাকা জমা না দিয়ে কাউন্টারে বাইরের রাখলে ব্যাংক কর্তৃপক্ষ দায়ভার গ্রহণ করবে না।

এ ব্যাপারে আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি (তদন্ত) আবু সাঈদ জানান, ব্যাংক থেকে টাকা চুরির ঘটনায় একটি লিখিত অভিযোগ পেয়েছি। ঘটনাটি তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগর স্মৃতিসৌধে স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ সোনালী ব্যাংকের শ্রদ্ধা নিবেদন

মুজিবনগর স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেছেন স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ সোনালী ব্যাংক পিএলসি চুয়াডাঙ্গা এরিয়া।

আজ শুক্রবার বিকেলে চুয়াডাঙ্গা,মেহেরপুর জেলার নবগঠিত কমিটির নেতারা ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। শ্রদ্ধা নিবেদন শেষে জাতির পিতাসহ সকল শহীদের রুহের মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ নবগঠিত কমিটির সভাপতি সোনালী ব্যাংক জীবননগর শাখা ম্যানেজার আব্দুল হান্নান ,সহসভাপতি আলমডাঙ্গা শাখা ম্যানেজার এইচ এম আব্দুল আওয়াল ও মুহা: মুরশিদ আলম (এসপিও), সাধারণ সম্পাদক গাড়াডোব শাখা ম্যানেজার আসমাউল হুসনা তানিম, যুগ্ম সাধারণ সম্পাদক দর্শনা শাখা ম্যানেজার আব্দুল লতিফ , হাটবোয়ালিয়া শাখা ম্যানেজার আলী হায়দার ।

এছাড়াও নাজমুল হক পিও, শরিফুল ইসলাম এসও,আবুল বাশার,আব্দুল ওয়াকিল, ইফতেখারুল বাশার, খালিদ হাসান, রুবেল হোসেন, শাহাবুল আলম,তারিক মুবাশির,হাসিবুল ইসলাম ও জাহিদুল আলম প্রমুখ।

এর আগে ২৭ ফেব্রুয়ারী নবগঠিত কমিটির অনুমোদন করেন কেন্দ্রীয় কমিটির সভাপতি আলাউদ্দিন তুষার এবং সাধারণ সম্পাদক আব্দুর রায়হান।

নবগঠিত কমিটিতে উপদেষ্টা হিসাবে রয়েছেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি, পরে কমিটির নেতারা মুজিবনগর আম্রকাননে কমিটির পরবর্তী কার্যক্রম সম্পর্কে এক আলোচনা সভায় মিলিত হয়।

আমঝুপি সোনালী ব্যাংকের বার্ষিক প্রীতিভোজ অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি সোনালী ব্যাংক শাখারে উদ্যোগে বার্ষিক প্রীতিভোজের আয়োজন করা হয়। আজ শুক্রবার আমঝুপি নীলকুঠি চত্বরে এ প্রীতিভোজ অনুষ্ঠিত হয়।

আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দীন চুন্নুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত চুয়াডাঙ্গা সোনালী ব্যাংক প্রিন্সিপাল শাখার ডেপুটি জেনারেল ম্যানেজার মোঃ নাজমুল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এজিএম আবু জাফর সাদেক, এসপিও মোঃ সামসুজ্জামান।

আমঝুপি সোনালী ব্যাংক শাখার ম্যানেজার মোঃ জহিরুল ইসলামের সঞ্চালনায় আরও উপস্থিত ছিলেন আমঝুপি বাজার কমিটির সভাপতি আফ্সারুল হক হিরো, আমঝুপি ইউনিয়ন আওয়ামিলীগের সাধারণ সম্পাদক আনোয়ার ছাদা এবং মোঃ শফিকুল ইসলাম, আতিয়ার রহমান বিশু, মোঃ সোহেল রানা, মোঃ শাহিন আলী, মোঃ আরিফুল ইসলাম, মোঃ শহিদুল ইসলাম, মোঃ আব্দুল কাদের, খলিলুর রহমান জোয়াদ্দার, গিয়াস উদ্দীন চানা, সাংবাদিক শহিদুল ইসলাম প্রমুখ।